



সাংবাদিকতায় পোল্যান্ডে আন্তর্জাতিক সম্মাননা পেলেন মাহতাব শফি



সংগৃহীত ছবি

পেশাদারিত্ব ও সাংবাদিকতায় বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ পোল্যান্ডে আয়োজিত মর্যাদাপূর্ণ আন্তর্জাতিক সম্মাননা “বিজিসি স্টার অ্যাওয়ার্ড-২০২৫” অর্জন করেছেন সাংবাদিক মাহতাব শফি।

পোল্যান্ডের রোকলো শহরের হোটেল রেডিসন ব্লুতে ১৭ জানুয়ারি ২০২৬ তারিখে আয়োজিত অ্যাওয়ার্ড অনুষ্ঠানে তাঁর নাম ঘোষণা করা হয়। আয়োজকরা জানান, দীর্ঘদিন ধরে দায়িত্বশীল, বস্তুনিষ্ঠ ও সাংবাদিকতায় ধারাবাহিক ও গুরুত্বপূর্ণ অবদান রাখায় তাঁকে এই সম্মাননা প্রদান করা হয়েছে।

এছাড়াও বিনোদন ক্যাটাগরিতে অভিনেত্রী সাবিলা নূর, রুনা খান, তানজিকা আমিন, রাশেদ মামুন অপু, সাইফুর রহমান ইভান, সৈয়দা কামরুন্নাহার শাহনূর ও আল মাসিদ রণ সম্মাননা লাভ করেন।

ড. হুসাইন আলমের সঞ্চালনায় অ্যাওয়ার্ড অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ইউনিভার্সিটি সহযোগিতা বিষয়ক দপ্তরের পরিচালক মি. তোমাস ইয়ানোশ এবং গদানস্কের দ্য ইউনিভার্সিটি অব টুরিজম অ্যান্ড হোটেল ম্যানেজমেন্টের রেক্টর ইয়ান জাখারেভিচ। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রোকলোর ফ্রান্সের অনারারি কনসাল দিদিয়ের গুইজি, শিশু বিশেষজ্ঞ ডা. মোহাম্মদ মিজানুর রহমান এবং ওয়ারশাভার প্রতিনিধি মাহবুব সিদ্দিকী, জেনারেল সার্জারি বিশেষজ্ঞ ডা. মো. খলিলুল কাইয়ুম, স্কুল অব টেরা নোভা—এর পরিচালক সেরগিউশ চুলকোভস্কিসহ আরো অনেকে। এছাড়াও সিলেশিয়া অঞ্চলে বাংলাদেশের অনারারি কনসাল ওমর ফারুক এবং ড. হবার্ট কোস্তা সারণন সম্মানিত অতিথি হিসেবে অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানটির আয়োজন করে ব্রিটিশ গ্র্যাজুয়েট কলেজ (বিজিসি), রোকলো, পোল্যান্ড।

এক দশকেরও বেশি সময় ধরে প্রিন্ট, অনলাইন ও ইলেকট্রনিক মিডিয়ায় সূনামের সঙ্গে কাজ করে আসছেন মাহতাব শফি। বর্তমানে তিনি বেসরকারি টেলিভিশন চ্যানেল চ্যানেল২৪—এর হয়ে ব্রাজিলে দায়িত্ব পালন করছেন। এর আগে তিনি গ্লোবাল টেলিভিশন, প্রতিদিনের বাংলাদেশ, প্রতিদিনের সংবাদ, যুগান্তর, কালের কণ্ঠ, মানবকণ্ঠ, ভোরের পাতা, আমাদের কণ্ঠ এবং সংবাদ সংস্থা এফএনএসসহ বিভিন্ন জাতীয় গণমাধ্যমে কর্মরত ছিলেন।

ইতিহাস, পরিবেশ, সামাজিক উন্নয়ন, ছিন্নমূল শিশু এবং খেলাধুলা বিষয়ক তাঁর একাধিক প্রতিবেদন পাঠক ও দর্শকমহলে প্রশংসিত হয়েছে। পেশাগত দক্ষতা উন্নয়নের লক্ষ্যে তিনি প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) পরিচালিত অনুসন্ধানী সাংবাদিকতা প্রশিক্ষণ, বেলা পরিচালিত পরিবেশ বিষয়ক অনুসন্ধানী রিপোর্টিং প্রশিক্ষণ, ফেসবুক (মেটা) পরিচালিত “ফাভামেন্টালস ফর নিউজ” প্রশিক্ষণসহ একাধিক আন্তর্জাতিক সম্মেলন ও কর্মশালায় অংশগ্রহণ করেছেন।

চট্টগ্রামের রাউজান উপজেলার পশ্চিম গহিরা গ্রামে জন্মগ্রহণকারী মাহতাব শফির এই আন্তর্জাতিক সম্মাননা দেশের সাংবাদিকতা অঙ্গনের জন্য একটি গুরুত্বপূর্ণ অর্জন বলে মনে করছেন সংশ্লিষ্টরা। তাঁদের মতে, তাঁর এই স্বীকৃতি নতুন প্রজন্মের সাংবাদিকদের পেশাদার ও অনুসন্ধানী সাংবাদিকতায় উৎসাহিত করবে।